সংযুক্তি-৭

# বন্ধকী হিসেবে চেক জমাকরণের মেমোরেন্ডাম

১) আমি/আমরা ঘোষণা করছি যে, পল্লী সঞ্চয় ব্যাংক ............ শাখা, ..........ঋণ মঞ্জুর/পুনঃ তফশীলিকরণ/মওকুফ সুবিধার জন্য নিম্নে তফসিলে বর্ণনা মোতাবেক দাখিলকৃত চেকসমূহ ঋণ পূর্ণ পরিশোধের পূর্ব পর্যন্ত অবিরাম জামানত হিসাবে বিবেচিত হবে।

২) আমি/আমরা ঘোষণা ও স্বীকারোক্তি প্রদান করছি যে, অবিরাম জামানত হিসেবে জমাকৃত চেকের মাধ্যমে পরিশোধিত টাকা আদায়/ঋণ হিসাবে ক্রমপরিশোধে জমাকরণে কোন বাধা প্রদান করবনা।

৩) আমি/আমরা স্বীকারোক্তি প্রদান করছি যে, এখন থেকে আমাকে/আমাদেরকে কোন প্রকার নোটিশ ব্যতিরেকে যে কোন চেক/সকল চেকসমূহ সময়ে সময়ে ঋণের সমূদয় টাকা ঋণ পরিশোধে ব্যাংক এককভাবে/যৌথভাবে ব্যাংকের দায় আদায়ে ব্যবহার করতে পারবে।

৪) আমি/আমরা আরও স্বীকারোক্তি প্রদান করছি যে, আমার/আমাদের ঋণের আসল বা মুনাফাসহ সমুদয় পাওনা সম্পূর্ণরূপে আইনতঃ প্রয়োজন হিসাবে চেক/চেকসমূহ এর মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবে খাতে উত্তোলন করতে পারবে।

৫) আমি/আমরা স্বীকারোক্তি প্রদান করছি যে ব্যাংকের নিকট চেকের/চেক সমূহের অপ্রয়োজন হইয়া পড়া ব্যতিত প্রদত্ত চেকের মাধ্যমে ব্যাংকের পাওনা উত্তোলন করতে আমার/আমাদের কোন আপত্তি নাই।

৬) আমি/আমরা ঘোষণা করছি যে, আমি/আমাদের দ্বারা দাখিলকৃত চেকে/চেকসমূহে জামানত হিসাবে ব্যাংকের পূর্ণ অধিকারে আমার/আমাদের নিকট ব্যাংকের যে কোন প্রকার পাওনা হিসাবে জমা থাকবে।

৭) আমি/আমরা ব্যাংককে ক্ষমতা প্রদান করছি যে, চেক/চেকসমূহ তারিখ বিহীন হলে ব্যাংক যে কোন সময় ব্যাংকের প্রয়োজনীয় তারিখ সন্নিবেশ করতে পারবে।

৮) আমি/আমরা ব্যাংককে ক্ষমতা প্রদান করছি যে, কোন চেক/চেকসমূহ অপর্যাপ্ত স্থিতির কারনে প্রত্যাখ্যাত হইলে আমি/আমার বিরুদ্ধে নিগেশিয়েবল ইনস্ট্রুমেন্ট একট ১৮৮১ এর ১৩৮ ধারা অনুযায়ী ব্যাংক আইনগত সহায়তা নিতে পারবে।

৯) আমি/আমরা আরও ঘোষণা করছি যে, আমার/আমাদের উত্তদাধিকারী/প্রতিনিধি/উত্তরসূরী অবিরাম বন্ধকীকৃত চেকের পাওনা পরিশোধে বাধ্য থাকব।

১০) আমি/আমরা আরও ঘোষণা করছি যে, ব্যাংক তাহার নিজস্ব প্রয়োজনে অবিরাম বন্ধকীকৃত চেক/ চেকসমূহের তথ্যসমূহ যে কোন আইনগতভাবে প্রতিষ্ঠিত কর্তৃপক্ষ ব্যাংকের যে কোন অফিসে ব্যাংকের নিয়োগকৃত প্রতিনিধিকে অথবা ব্যাংকের যেকোন সহায়কের নিকট তথ্য প্রদান করতে পারবে।

তফশিল

চেক/চেকসমূহের বিবরণ

| যে শাখা/ব্যাংকের উপর চেক ইস্যু করা হয়েছে | হিসাব নং | চেক নং | তারিখ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| .............ব্যাংক<br>..............শাখা<br>.............. | | | | |

আপনার বিশ্বস্ত,

সাক্ষী:

০১। স্বাক্ষর :
পূর্ণ নাম:
পিতার নাম:
স্থায়ী ঠিকানা:
মোবাইল:

০২। স্বাক্ষর :
পূর্ণ নাম:
পিতার নাম:
স্থায়ী ঠিকানা:
মোবাইল:

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

পূর্ণ নাম:

পদবি :

আইডি নম্বর:

কর্মস্থল :